

**REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:23-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN**

PM:

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেপাল ও কুয়েতের রাষ্ট্রপ্রধানদের সাথে দ্বিপাক্ষিক আলোচনায় মিলিত হয়েছেন। কোয়াড সম্মেলনে অংশ নিতে যুক্তরাষ্ট্র সফরে নিউইয়র্কে এই দ্বিপাক্ষিক আলোচনা হয়। এতে নেপালের প্রধানমন্ত্রী KP শর্মা ওলি এবং কুয়েতের ক্রাউন প্রিন্স শেখ সাবাহ আল খালিদ আল সাবাহের সাথে পৃথক আলোচনায় ভারত ও নেপাল এবং ভারত ও কুয়েতের মধ্যে দ্বিপাক্ষিক বিষয়ে পর্যালোচনা করা হয়।

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, কোয়াড সম্মেলন এমন একটা সময়ে অনুষ্ঠিত হচ্ছে যখন বিশ্বের নানা প্রান্তে উত্তেজনা এবং সংঘর্ষের বাতাবরণ রয়েছে। এমন পরিস্থিতিতে কোয়াড গোষ্ঠীর দেশগুলি একসঙ্গে মিলে কাজ করছে মানবতার স্বার্থে, গণতান্ত্রিক মূল্যবোধের ভিত্তিতে। বিশ্বশান্তির জন্য কোয়াড তাই গুরুত্বপূর্ণ। আমেরিকার ডেলওয়ারের উইলমিংটনে কোয়াড সম্মেলনে যোগ দিয়ে প্রধানমন্ত্রী একথা বলেন।

Governor, Sonamura:

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু বলেছেন, যেকোন সভ্যতা সংস্কৃতি গড়ে উঠে নদীকে কেন্দ্র করে। নদী রক্ষায় ও নদী দূষণ রোধে এগিয়ে আসতে হবে সকলকে। গতকাল সিপাহীজলা জেলার সোনামুড়ার শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর সংলগ্ন গোমতী নদীর তীরে গড়ে উঠা স্থায়ী জে.টিতে গঙ্গা পূজায় অংশ নিয়ে তিনি একথা বলেন। নদীতে আবর্জনা না ফেলা ও ড্রেনের গন্তব্য

যেন নদীতে না হয় তার আবেদন রাখেন রাজ্যপাল। বিশ্ব নদী দিবস উপলক্ষে এই পূজার আয়োজন করা হয়।

এর আগে রাজ্যপালকে বি.এস .এফের তরফ থেকে প্রথমে গার্ড অফ অনার দেওয়া হয়। পরে রাজ্যপাল শ্রীমন্তপুর আন্তর্জাতিক স্থলবন্দর ঘুরে দেখেন। সীমান্তের জিরো পয়েন্টে রাজ্যপালকে BGB-র কমান্ডেন্ট আহম্মেদ নাসিম রেজ্জাক পুষ্পস্তবক দিয়ে সংবর্ধনা জানান। অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ল্যান্ডপোর্ট অথরিটি অফ ইন্ডিয়া'র ম্যানেজার দেবশীষ নন্দী, কাস্টমস সুপার প্রদীপ রাউথ, বি.এস.এফের ডি.আই.জি রাজীব অগ্নিহোত্রী প্রমুখ।

Deepak Majumder :

আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার এই বছর মায়ে'র গমন অনুষ্ঠানে ডিজে ব্যবহার না করতে আবেদন জানিয়েছেন। গতকাল আগরতলায় মুক্তধারা অডিটরিয়ামে মায়ে'র গমন ও শারদ সন্মানকে সামনে রেখে পর্যালোচনা বৈঠকে মেয়র এই আবেদন করেছেন। তিনি পুজো মন্ডপে সনাতনীদে'র পরস্পরাগুলো তুলে ধরতে পরামর্শ দিয়েছেন। আগামী ১৪ অক্টোবর তুলসীবতি মার্কেটের সামনে মায়ে'র গমন অনুষ্ঠান হবে বলে তিনি আবারও জানিয়েছেন। বৈঠকে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের কমিশনার শৈলেশ কুমার যাদব, তথ্য সংস্কৃতি দপ্তরে'র সচিব প্রদীপ কুমার চক্রবর্তী, পশ্চিম জেলার জেলা শাসক ডাঃ বিশাল কুমার, ডেপুটি মেয়র মনিকা দাস দত্ত সহ অন্যরা।

Model Village:

রাজ্যে পিছিয়ে পড়া ৩৯২টি জনজাতি গ্রামকে মডেল গ্রাম তৈরি'র জন্য উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় সরকার। এরমধ্যে খোয়াই জেলায়

রয়েছে ৩৭টি গ্রাম। খোয়াই জেলার জেলাশাসক চাঁদনী চন্দ্রান গতকাল আকাশবাণীর খোয়াই জেলা প্রতিনিধিকে এ সংবাদ জানান। জেলা শাসক আরোও জানান, পরিকাঠামো বিকাশ, গ্রামের রাস্তাঘাট, পানীয় জল, উন্নততর স্বাস্থ্য ব্যবস্থা, শিক্ষা ব্যবস্থা, কৃষি ব্যবস্থা, সেচ ব্যবস্থা সহ প্রত্যেকটি গুরুত্বপূর্ণ কাজ এই প্রকল্পের অন্তর্ভুক্ত থাকবে।

ভেহিকল পাস:

আসন্ন দুর্গাপূজা উপলক্ষ্যে অন্যান্য বারের মত এবারও অত্যাবস্যকীয় পরিসেবা এবং বিভিন্ন পেশার সাথে যুক্ত অফিস, সংঘটন এবং ব্যক্তি বিশেষের গাড়ী বা দ্বিচক্রযানের জন্য পূজার দিনগুলোতে প্রয়োজনের নিরিখে অল্প কিছু সংখ্যক ভেহিকেল পাস দেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ট্রাফিক দপ্তর। আগরতলা শহরের ভিতর চলাচলের জন্যই ওই পাস নির্দিষ্ট যানবাহনের প্রয়োজনীয়তার সম্পর্কে বিবেচনা করে আবেদন করা যাবে। আগামী ২৬ সেপ্টেম্বর পর্যন্ত অরুন্ধুতিনগরের ট্রাফিক ভবনে অফিস চলাকালীন সময়ে আবেদন জমা নেয়া হবে। অনলাইনেও এই আবেদন পত্র জমা দেয়া যাবে। এস পি ট্রাফিকের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে এই খবর জানানো হয়েছে।

Flight .

আগরতলা থেকে হায়দ্রাবাদ সরাসরি বিমান পরিষেবা চালু হচ্ছে। ইন্ডিগো বিমানসংস্থার বিমান প্রতি সপ্তাহে সোমবার, বুধবার, শুক্রবার ও রবিবার আগরতলা- হায়দ্রাবাদ- আগরতলা যাতায়ত করবে। আগরতলার এম বিবি বিমানবন্দরের সহকারী জেনারেল ম্যানেজার এইচ এস জেম্পু এই খবর জানান। তিনি জানান, এর আগেও কোলকাতা হয়ে আগরতলা - হায়দ্রাবাদ বিমান পরিষেবা চালু ছিল। করোনাকালে তা বন্ধ হয়ে যায়।

Four day Mega Event:

চারদিন ব্যাপী মেগা কর্মসূচি ওয়ার্ল্ড ফুড ইন্ডিয়া গতকাল শেষ হয়েছে। এই কর্মসূচি গত ১৯ তারিখ থেকে নতুন দিল্লীর ভারত মন্ডপমে শুরু হয়েছিল। সম্ভাব্য ৯০টি রাষ্ট্র, ২৬টি রাজ্য এবং কেন্দ্র শাসিত অঞ্চল, ১৮টি কেন্দ্রীয় সরকারী সংস্থা অংশ নিয়েছিল এই মেগা কর্মসূচিতে।

Rail detain :

আগরতলা রেল স্টেশনে গতকাল দুই বেআইনি অনুপ্রবেশকারী বাংলাদেশীকে গ্রেফতার করেছে পুলিশ। তাদের সঙ্গে ধরা পড়েছে দুই ভারতীয় মানব পাচারকারী। আগরতলা রেল থানার ওসি তাপস দাস জানিয়েছেন ধৃত বাংলাদেশিরা বেআইনিভাবে রাজ্য প্রবেশ করেছিল। পাচারকারীরা দুজনেই পশ্চিমবঙ্গের বাসিন্দা বলে তিনি জানান।

চন্দ্র স্মৃতি লিগ:

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার আজ একটি খেলা হবে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকাল সাড়ে তিনটায় এগিয়ে চলো সংঘ ও ফ্রেন্ডস ইউনিয়ন পরস্পরের মুখোমুখি হবে।

WEATHER:

আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে আকাশ প্রধানত মেঘলা থাকবে। দুএক জায়গায় হালকা থেকে মাঝারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৪ ডিগ্রী সেলসিয়াসের আশেপাশে থাকতে পারে।

* * * * *

* * * * *

